অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬.১২৫ তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬ / ০৮ মার্চ ২০২০

বিষয়: **'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০' উদযাপন উপলক্ষে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সতেচনতা বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্র নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০১.২০.৫৪, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত সূত্রোস্থ পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

৮-৩-২০২০
মোঃ রাহেদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৫৯.১৬.১২৫/১ তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬ / ০৮ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮-৩-২০২০
মোঃ রাহেদ হোসেন
উপসচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
ক্রমিক নং
তারিখ:
প্রঃ সহঃ জিএ
অডিটর
প্রঃ সহঃ হিঃ
হিরক
..........তারিখের মধ্যে নথিতে দিবেন/আলাপ করুন।
সহকারী পরিচালক (সাঃ প্রঃ)

09 MAR 2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.১৭-১৬১

তারিখ : ০১ চৈত্র ১৪২৬ / ১৫ মার্চ ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০২। জেলা শিক্ষা অফিসার,------------------------------------ (সকল ) ।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা,------------------------------- (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,------------------------------------- (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৫। সংরক্ষণ নথি।

১৭/০৩/২০২০

(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (মাধ্যমিক)
ম্যাধমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

১৫.০৩.২০২০

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

18 FEB 2020

ডাইরী নং...268

"দুর্যোগ ঝুঁকিহ্রাসে পূর্ব প্রস্তুতি
টেকসই উন্নয়নে আনবে গতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(দুব্যক-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

উপ-সচিব (প্রশাসন) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ডায়েরী নং 82 তারিখ 20/2/20

DS(প)

নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০০১.২০.৫৪

তারিখ: ১৮ ফেব্রুয়ারি, ২০২০
০৩ ফাল্গুন, ১৪২৬

**বিষয়: 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০' উদ্‌যাপন উপলক্ষে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত।**

প্রতি বছর ১০ মার্চ তারিখে 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস' উদ্‌যাপন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দুর্যোগ ঝুঁকিহ্রাসে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ১০ মার্চ, ২০২০ তারিখে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করা হবে। 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০' উদ্‌যাপনের নিমিত্ত এ বছরের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে :

'দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি
হ্রাস করবে জীবন ও সম্পদের ঝুঁকি।'

২। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে গত ২০/০১/২০২০ তারিখে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস, ২০২০ উদ্‌যাপন সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া সংক্রান্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

"(ক) 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০' উদ্‌যাপন উপলক্ষে ০৯ মার্চ, ২০২০ তারিখে সারাদেশের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধির মহড়ার আয়োজন করতে হবে।

(খ) জেলা প্রশাসক জেলা শহরের একটি মাধ্যমিক বিদ্যালয়ে এবং উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ের একটি মাধ্যমিক বিদ্যালয়ে উপস্থিত থেকে মহড়া অনুষ্ঠান পর্যবেক্ষণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) জেলা ও উপজেলা পর্যায়ের সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠান আয়োজন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং সচিব, কারিগরী ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর অনুরোধ করে পত্র প্রদান করতে হবে।

(ঘ) স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে পত্র দিতে হবে।

(ঙ) জেলা ও উপজেলা পর্যায়ে ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠানে প্রয়োজনীয় লজিষ্টিক সাপোর্ট ও মনিটরিং করে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবেন।

(চ) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো উপজেলা পর্যায়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল এনজিও'কে নির্দেশনা প্রদান করবেন।"

৩। এমতাবস্থায়, 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০' সুষ্ঠুভাবে উদ্‌যাপনের অংশ হিসেবে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া অনুষ্ঠান করার নিমিত্ত সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AO
20.2.2020

18/02/20

(আব্দুল কাদের)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৪০
dsdmprog@modmr.gov.bd

(১) সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(২) সচিব
কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন, ঢাকা।

(৩) মহাপরিচালক

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
19/2/2020
অতিঃ সচিব (প্রঃ ও অর্থ)

(৪) মহাপরিচালক
বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

(৫) মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট- ই-১৩/বি, আগারগাও
শেরে বাংলা নগর, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০০১.২০.৫৪/১(৫)

তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২০ / ০৩ ফাল্গুন, ১৪২৬

<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:</u>

১. জেলা প্রশাসক,......................................................(সকল)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপজেলা নির্বাহী অফিসার,................................(সকল)।
৫. অতি: সচিব (দুব্যক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

১৬/০২

(আবদুল কাদের)
উপসচিব